

৮ম বিজ্ঞান বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন উপলক্ষে অনুষ্ঠিত প্রভুক্তিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
বিরামপুর, দিনাজপুর।

তারিখ : ২৩/১১/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

উপস্থিত ও অনুপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক” তে সংযুক্ত।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর ০৬/১১/২০২৩ খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০.০০২.৩৫.০০১.২২.২০৫০(২৯৩) নম্বর স্মারকের পত্র পাঠ করে শোনানো হয়। দেশব্যাপী শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান চর্চায় সম্পৃক্ত রাখার অপরিহার্যতা বিবেচনায় প্রতি বছরের ন্যায় চলতি ২০২৩-২৪ অর্থবছরেও ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। সভায় বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

সিদ্ধান্তসমূহঃ

- ০১। ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ৩০ নভেম্বর ২০২৩খ্রি. তারিখ দুপুর ১২.০০টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০২। বিরামপুর উপজেলায় বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় যেকোন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করতে পারবে। প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ০৩ (তিন) জন শিক্ষার্থী নিয়ে দল গঠিত হবে এবং দলীয়ভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
- ০৩। প্রতিযোগী বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আভ্যন্তরীণভাবে একটি প্রতিযোগিতা আয়োজন করবে এবং সে প্রতিযোগিতায় বিজয়ী প্রথম স্থান অধিকারী ঐ প্রতিষ্ঠানের দলের দলনেতা এবং দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী রানিংমেট প্রতিযোগী হিসেবে অংশগ্রহণ করবে।
- ০৩। বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় শিক্ষার্থীদের পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, গণিত ও আইসিটি বিষয়ের উপর প্রশ্ন করা হবে।
- ০৪। বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি প্রতিযোগিতা পরিচালনা কমিটি গঠন করা হয়ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক | নাম ও পদবী | পদ |
|--------|---|----------|
| ০১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর | আহ্বায়ক |
| ০২ | উপজেলা মৎস্য অফিসার, বিরামপুর, দিনাজপুর | সদস্য |
| ০৩ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, বিরামপুর, দিনাজপুর | সদস্য |

| | | |
|----|--|-------|
| ০৪ | সহকারী প্রোগ্রামার, বিরামপুর, দিনাজপুর | সদস্য |
| ০৫ | জনাব মোঃ ফরহাদ হোসেন, সহকারী শিক্ষক (বিজ্ঞান), বিরামপুর চাঁদপুর ফাজিল মাদ্রাসা, বিরামপুর, দিনাজপুর | সদস্য |
| ০৬ | জনাব মোঃ উমর ফারুক, সহকারী শিক্ষক (বিজ্ঞান), আমানুল্লাহ আদর্শ বিদ্যা নিকেতন, বিরামপুর, দিনাজপুর | সদস্য |
| ০৭ | জনাব মোছাঃ রুবিলা পারভিন, সহকারী শিক্ষক (বিজ্ঞান), বিরামপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বিরামপুর, দিনাজপুর | সদস্য |
| ০৮ | জনাব মোছাঃ সেলিনা পারভিন, সহকারী শিক্ষক (বিজ্ঞান), আদর্শ হাইস্কুল, বিরামপুর, দিনাজপুর | সদস্য |

০৫। উপজেলা পর্যায়ে বিজয়ী দলের নাম জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত শ্রেণণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৩/২৩

(নুজহাত তাসনীম আওন)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন কমিটি
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭১০.০০০.০৭.০০১.২২- ১৮৭৬(২১)

তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ খ্রি:

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য ১১, দিনাজপুর-৬
২. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৩. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
৪. উপজেলাকর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
৫. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/কলেজ/মাদ্রাসা, বিরামপুর, দিনাজপুর
৭. জনাব/বেগম, বিরামপুর, দিনাজপুর।


২৬/০৩/২৩

উপজেলা নির্বাহী অফিসার
বিরামপুর, দিনাজপুর